

# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 26 June, 2025

চুয়াডাঙ্গায় নানা আয়োজনে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টায় জেলা প্রশাসনের কার্যালয়ের সামনে থেকে বল না বর্নাচ্য র্যালি বের হয়ে একই জায়গায় এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসনের আয়োজনে ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক নয়ন কুমার রাজবংশীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক জহিরুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার তানজিনা আক্তার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক বেলাল হোসেনসহ বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মকর্তা ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

এদিকে আলোচনা সভায় অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী বিভিন্ন সূফল কুফল এর পাশাপাশি জেলার মাদকের অপব্যবহার ও অবৈধ পাচার রোধে মতামত তুলে ধরে বক্তব্য রাখেন, উপস্থিতরা। পরে দিবসটি উপলক্ষে অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের মাঝে পুরস্কার তুলে দেন জেলা প্রশাসক জহিরুল ইসলামসহ উপস্থিত অতিথিরা।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 22:08

URL: <https://www.timestodaybd.com/across-the-country/3769775807>